E:\HRMD\01. SH Dewan\Order\Administrative Order-2021.doc

**ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ**
**প্রধান কার্যালয়, বিডিবিএল ভবন (লেভেল-১৪)**
**৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।**
**হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট**

তারিখঃ ১১ কার্তিক ১৪২৮
২৭ অক্টোবর ২০২১

# প্রশাসনিক পরিপত্র নং- ৪৭/২০২১

কর্পোরেশনের পরিচালনা বোর্ডের ০৭.১০.২০২১ তারিখে অনুষ্ঠিত ৬০১তম সভায় **'ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পেশাগত ডিগ্রি অর্জন নীতিমালা, ২০২১'** অনুমোদিত হয়েছে। পরিচালনা বোর্ড কর্তৃক অনুমোদিত 'ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পেশাগত ডিগ্রি অর্জন নীতিমালা, ২০২১' সকলের অবগতির জন্য এতৎসঙ্গে জারি করা হলো।

০২। কর্পোরেশনের কর্মপরিধির সাথে সামঞ্জস্যপূর্ণ, বাস্তবধর্মী ও সময়োপযোগী বিভিন্ন পেশাগত ডিগ্রি অর্জনের ক্ষেত্রে উক্ত নীতিমালা অনুসরণের জন্য অনুরোধ জানানো হলো।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

**(তানজিনা চৌধুরী)**
মহাব্যবস্থাপক

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সহকারী মহাব্যবস্থাপক/সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিবি।
২. উপ-মহাব্যবস্থাপক/সিস্টেম ম্যানেজার, আইসিবি।
৩. মহাব্যবস্থাপক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. উপ-ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. চেয়ারম্যান-এর সচিবালয়, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রধান নির্বাহী কর্মকর্তা, আইসিবি সাবসিডিয়ারি কোম্পানিসমূহ।
৮. আইসিবি কর্মকর্তা সমিতি, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৯. আইসিবি কর্মচারী ইউনিয়ন, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. অফিস কপি।

**অনুলিপি (কর্পোরেশনের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

সিনিয়র সিস্টেম এনালিস্ট, প্রোগ্রামিং ডিপার্টমেন্ট, আইসিবি, প্রধান কার্যালয়, ঢাকা।

# ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পেশাগত ডিগ্রি অর্জন নীতিমালা, ২০২১

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়, ঢাকা।

**প্রেক্ষাপটঃ**

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) পুঁজিবাজারের একটি অন্যতম নির্ভরযোগ্য সরকারি বিনিয়োগ প্রতিষ্ঠান। আইসিবি গ্রাহক/বিনিয়োগকারীদের দ্রুত ও সর্বোত্তম সেবা প্রদানের পাশাপাশি পুঁজিবাজারের স্থিতিশীলতা বজায় রাখার লক্ষ্যে প্রতিষ্ঠালগ্ন থেকে উল্লেখযোগ্য অবদান রেখে আসছে। এই কার্যক্রমের উৎকর্ষ সাধনে কর্পোরেশনের কর্মচারীগণের দক্ষতা বৃদ্ধিতে তাঁদের কর্মজীবন পরিকল্পনার (Career Planning) অংশ হিসেবে পেশাগত ডিগ্রি অর্জনকে গুরুত্বের সাথে বিবেচনা করা প্রয়োজন। কর্মচারীগণকে পেশাগতভাবে দক্ষ ও অধিকতর যোগ্যতাসম্পন্ন মানব সম্পদে পরিণত করার অন্যতম মাধ্যম হলো পেশাগত ডিগ্রি অর্জন। কর্মচারীগণের কর্মদক্ষতা বৃদ্ধি ও আত্মোন্নয়নের মাধ্যমে প্রতিষ্ঠানের লক্ষ্য অর্জনের জন্য পেশাগত ডিগ্রি অর্জনকে উৎসাহিতকরণের নিমিত্ত একটি সমন্বিত ফ্রেমওয়ার্ক প্রয়োজন। এ প্রেক্ষিতে, কর্পোরেশনের কর্মপরিধির সাথে সামঞ্জস্যপূর্ণ, বাস্তবধর্মী ও সময়োপযোগী বিভিন্ন পেশাগত ডিগ্রি অর্জন উৎসাহিতকরণের লক্ষ্যে আলোচ্য নীতিমালা প্রণয়ন করা হয়েছে।

২। **শিরোনামঃ**

এই নীতিমালা "ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর পেশাগত ডিগ্রি অর্জন নীতিমালা, ২০২১" নামে অভিহিত হবে।

৩। **পেশাগত ডিগ্রিঃ**

পেশাগত ডিগ্রি বলতে কর্মচারীগণের জ্ঞানের উৎকর্ষতা, উদ্ভাবন ক্ষমতা, সৃজনশীলতা অর্জন এবং পেশাগত কর্মদক্ষতা বৃদ্ধিতে সহায়ক কোন ডিগ্রিকে বুঝাবে।

৪। **নীতিমালার প্রযোজ্যতাঃ**

এই নীতিমালা ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এ কর্মরত কর্মচারীগণের দেশের অভ্যন্তরে অবস্থানপূর্বক পেশাগত ডিগ্রি অর্জনের অনুমতি প্রদান এবং ব্যয় পুনর্ভরণের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৫। **নীতিমালার উদ্দেশ্যঃ**

কর্পোরেশনের কর্মপরিধির সাথে সামঞ্জস্যপূর্ণ পেশাগত ডিগ্রি অর্জনে উৎসাহিতকরণের মাধ্যমে-

(ক) কর্পোরেশনে কর্মরত কর্মচারীগণের পেশাগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ; এবং
(খ) কর্পোরেশনের কর্মসম্পাদনের উৎকর্ষতা বৃদ্ধিকরণ।

৬। **বিবেচ্য ডিগ্রিসমূহঃ**

(ক) CFA/CMA/ACCA/CPA/DBA/CCNA/CISA/MBM(BIBM)/PGDCM, MAFCM(BICM);
(খ) আন্তর্জাতিকভাবে স্বীকৃত স্বনামধন্য প্রতিষ্ঠান হতে দূরশিক্ষণ (Distance Learning) পদ্ধতির পেশাগত ডিগ্রি; এবং
(গ) উপ-অনুচ্ছেদ (ক) এ উল্লিখিত ডিগ্রিসমূহের সমমানের অন্যান্য পেশাগত ডিগ্রি যা কর্পোরেশনের কর্মপরিধির সাথে সামঞ্জস্যপূর্ণ।

৭। **অনুমোদন প্রক্রিয়াঃ**

পেশাগত ডিগ্রি অর্জনে আগ্রহী কর্মচারীগণকে উল্লিখিত ডিগ্রি লব্ধ জ্ঞান কর্পোরেশনের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে কী ভূমিকা পালন করবে তার যৌক্তিকতা উল্লেখপূর্বক নির্ধারিত ছক (পরিশিষ্ট-ক দ্রষ্টব্য) অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রের প্রমাণাদিসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে উপ-মহাব্যবস্থাপক (অ্যাডমিন) বরাবর আবেদন করতে হবে। পেশাগত ডিগ্রির আবেদন যাচাই বাছাইসহ ব্যয় পুনর্ভরণের সুপারিশ প্রদানের নিমিত্ত ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদন অনুযায়ী ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট **'পেশাগত ডিগ্রি সংক্রান্ত বাছাই কমিটি'** থাকবে, যার গঠন নিম্নরূপ হবে:

| | | |
|---|---|---|
| ১. | মহাব্যবস্থাপক (অ্যাডমিন) | সভাপতি |
| ২. | উপ-মহাব্যবস্থাপক (অ্যাডমিন) | সদস্য |
| ৩. | উপ-মহাব্যবস্থাপক (আইসিবি প্রশিক্ষণ কেন্দ্র) | সদস্য |
| ৪. | জ্যেষ্ঠতম সিস্টেম ম্যানেজার | সদস্য |
| ৫. | সহকারী মহাব্যবস্থাপক (এইচআরএমডি) | সদস্য সচিব |

**'পেশাগত ডিগ্রি সংক্রান্ত বাছাই কমিটি'**র সুপারিশের ভিত্তিতে হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে চূড়ান্তভাবে পেশাগত ডিগ্রি অর্জনে আগ্রহী কর্মচারীগণকে মনোনীত করবে।

**কমিটির কর্মপরিধিঃ**

(ক) পেশাগত ডিগ্রি অর্জনে আগ্রহী কর্মচারীগণের আবেদনসহ সংশ্লিষ্ট প্রয়োজনীয় কাগজপত্র/প্রমাণাদি যাচাই বাছাই করবে;

(খ) সংশ্লিষ্ট কোর্স/ডিগ্রির সাথে আবেদনকৃত কর্মচারীগণের শিক্ষাগত যোগ্যতা ও কর্পোরেশনের কার্যাদির সাথে সামঞ্জস্য আছে কিনা তা নিশ্চিত করার পর চাকুরির রেকর্ডের ভিত্তিতে পেশাগত ডিগ্রির জন্য কর্মচারী নির্বাচন করবে; এবং

(গ) পেশাগত ডিগ্রি অর্জনের জন্য মনোনীত কর্মচারীগণের ফলাফল/সার্টিফিকেট যাচাই বাছাইপূর্বক সংশ্লিষ্ট ডিগ্রির পর্ব/অংশ/সেমিস্টার এর ব্যয় পুনর্ভরণের জন্য সুপারিশ করবে।

৮। **আবেদনের যোগ্যতাঃ**

(ক) কর্পোরেশনের সকল স্থায়ী কর্মচারী পেশাগত ডিগ্রি অর্জনের জন্য আবেদন করতে পারবেন;

(খ) আবেদনকারীকে ন্যূনতম স্নাতক ডিগ্রিধারী হতে হবে; এবং

(গ) অস্থায়ী ও চুক্তিভিত্তিতে নিয়োজিত কর্মচারী এবং সাময়িক বরখাস্ত থাকাকালীন কোন কর্মচারী আবেদনের যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

৯। **ব্যয়ভার পুনর্ভরণের মানদন্ডঃ**

যে সকল কর্মচারী পেশাগত পরীক্ষায় নিম্নোক্ত ফলাফলের মান অর্জন করবেন, কর্পোরেশন কর্তৃক শুধু সে সকল কর্মচারীর পেশাগত ডিগ্রির ব্যয়ভার পুনর্ভরণ করা হবেঃ

| **ফলাফলের ধরণ** | **ফলাফলের মান** |
|---|---|
| গ্রেডিং পদ্ধতি | সিজিপিএ ৩.২৫ বা তদূর্ধ্ব (৪.০০ পয়েন্ট স্কেলে)/ সমমান গ্রেডে উত্তীর্ণ |
| গ্রেডিং ব্যতীত অন্যান্য পদ্ধতির ক্ষেত্রে | Awarded/Completed |

১০। **ব্যয়ভার পুনর্ভরণের সর্বোচ্চ সীমাঃ**

(ক) **'পেশাগত ডিগ্রি সংক্রান্ত বাছাই কমিটি'র** সুপারিশ অনুযায়ী নিরীক্ষা ছাড়পত্র গ্রহণপূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পেশাগত ডিগ্রি অর্জনকারী সংশ্লিষ্ট কর্মচারীর অনুকূলে ব্যয়ের ৬০% পুনর্ভরণ করা হবে;

(খ) পেশাগত ডিগ্রি সমাপনান্তে কর্পোরেশন কর্তৃক প্রতি বছরে সর্বোচ্চ ০৫ (পাঁচ) জনকে উল্লিখিত হারে ব্যয়ভার পুনর্ভরণ করা হবে; এবং

(গ) একজন কর্মচারীর অনুকূলে সর্বোচ্চ ১টি পেশাগত ডিগ্রি অনুমোদন বাবদ ব্যয় পুনর্ভরণ করা হবে।

১১। **ডিগ্রি অর্জনের ব্যয় নির্বাহঃ**

(ক) পেশাগত ডিগ্রি অর্জনের জন্য কর্মচারীগণকে কোন ধরণের টিএ/ডিএ প্রদান করা হবে না;

(খ) কোন ডিগ্রি সমাপ্ত হওয়ার পর উক্ত ডিগ্রির সনদ এবং ব্যয় বাবদ Tuition Fee, Examination Fee, Enrollment Fee, Registration Fee ইত্যাদির ভাউচার/প্রমাণাদি যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্পোরেশনের হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-এ জমা প্রদান করতে হবে।

(গ) কোন ডিগ্রির ক্ষেত্রে একাধিক পর্ব/অংশ/সেমিস্টার থাকলে উক্ত ডিগ্রি সম্পন্ন না হলে ব্যয় পুনর্ভরণ করা হবে না। এছাড়া, কোন পর্বে একাধিকবার অংশগ্রহণ করা হলেও শুধু কৃতকার্য হওয়া পর্বটি পুনর্ভরণের জন্য বিবেচিত হবে;

(ঘ) কর্পোরেশনের চাকুরিতে যোগদানের পূর্বে কোন কর্মচারীর পেশাগত ডিগ্রি চলমান থাকলে কর্পোরেশনে যোগদান পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অধ্যয়নের অনুমোদনের জন্য আবেদন করতে হবে। কর্মচারীর আবেদন **'পেশাগত ডিগ্রি সংক্রান্ত বাছাই কমিটি'**-তে উপস্থাপন করা হবে। কমিটির সুপারিশ গ্রহণপূর্বক কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্মচারীর চলমান পেশাগত ডিগ্রির অনিষ্পন্ন পর্ব/অংশ/সেমিস্টার এর ব্যয় কৃতকার্য হওয়া সাপেক্ষে পুনর্ভরণের জন্য বিবেচিত হবে;

(ঙ) কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কর্পোরেশনের স্থায়ী কোন কর্মচারীর পেশাগত ডিগ্রি চলমান থাকলে এই নীতিমালা কার্যকরের তারিখ হতে পরবর্তী সময়ে অনুষ্ঠিত ডিগ্রির পর্ব/অংশ/সেমিস্টার কৃতকার্য হওয়া সাপেক্ষে উক্ত ডিগ্রির শুধু সে পর্ব/অংশ/সেমিস্টার এর ব্যয় পুনর্ভরণের জন্য বিবেচিত হবে;

(চ) এই নীতিমালা জারির পূর্বে যে সকল কর্মচারী নীতিমালায় উল্লিখিত ডিগ্রি অর্জন করেছেন তাঁদেরকে আলোচ্য নীতিমালার আওতায় ডিগ্রি অর্জনের ব্যয় পুনর্ভরণ করা হবে না;

(ছ) ডিগ্রি অর্জনের ক্ষেত্রে প্রার্থীর ব্যর্থতা/অবহেলাজনিত কোন অতিরিক্ত ব্যয় (জরিমানা, পুনঃভর্তি ইত্যাদি) পুনর্ভরণ করা হবে না; এবং

(জ) কোন বছরে অধিক সংখ্যক কর্মচারী কৃতকার্য হলে আবেদনকারী কর্মচারীদের মধ্য হতে আবেদনের তারিখ ও ফলাফলের ভিত্তিতে ডিগ্রি অর্জনের ব্যয়ভার অগ্রাধিকার ভিত্তিতে পুনর্ভরণ করা হবে এবং কোন বছরে অধিক সংখ্যক কর্মচারী কৃতকার্য হলে পরবর্তী বছরে অগ্রাধিকার ভিত্তিতে ব্যয়ভার পুনর্ভরণের বিষয়টি বিবেচনা করা হবে।

**১২। সাধারণ শর্তাবলিঃ**

(ক) অনুমোদিত পেশাগত ডিগ্রি অর্জনের ক্ষেত্রে কর্পোরেশনের দাপ্তরিক কাজে কোন ধরণের বিঘ্ন ঘটানো যাবে না;

(খ) ডিগ্রি গ্রহণের নিমিত্ত কোন কর্মচারীর অনুকূলে ছুটি অনুমোদন করা হবে না ও বদলি না করার নিশ্চয়তা থাকবে না;

(গ) পুনর্ভরণকৃত যে-কোনো পেশাগত ডিগ্রির মেম্বারশীপ ফি/চাঁদা সংক্রান্ত ব্যয় ডিগ্রি অর্জনকারী নিজ উৎস হতে বহন করবেন; এবং

(ঘ) পেশাগত ডিগ্রি অর্জন সমাপনান্তে সার্টিফিকেট হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্টে দাখিল করতে হবে।

**১৩। বিবিধঃ**

(ক) কোন কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামা বা দুর্নীতি দমন কমিশন কর্তৃক দায়েরকৃত কোন মামলার চার্জশীট দাখিল বা ফৌজদারী মামলা দায়েরের সরকারী মঞ্জুরী প্রদান করা হলে অথবা উক্তরূপ কারণে কোন কর্মচারী গ্রেফতার হলে উক্ত মামলার চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত তাঁকে পেশাগত ডিগ্রি অর্জনের জন্য মনোনয়ন দেয়া যাবে না;

(খ) পেশাগত ডিগ্রি অর্জনকারীকে পুনর্ভরণকৃত ডিগ্রি অর্জনের তারিখ হতে অন্যূন ০৩ (তিন) বছর কর্পোরেশনে চাকুরি করতে হবে;

(গ) কোন কর্মচারী ডিগ্রি অর্জন পরবর্তী ০৩ (তিন) বছর সময় অতিবাহিত হওয়ার পূর্বে চাকুরি হতে স্বেচ্ছায় ইস্তফা প্রদান করলে পুনর্ভরণকৃত অর্থ ফেরত প্রদান করতে হবে;

(ঘ) এই নীতিমালায় উল্লেখ নেই এরূপ কোন বিষয়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে; এবং

(ঙ) সময়ে সময়ে সরকার কর্তৃক জারীকৃত পেশাগত ডিগ্রি/অধ্যয়ন ছুটি সংক্রান্ত প্রজ্ঞাপন/পরিপত্র/সার্কুলার/নীতিমালা অনুযায়ী বর্ণিত নীতিমালায় পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন অথবা সংযোজন করা হতে পারে।

**১৪।** এই নীতিমালা ০৭.১০.২০২১ তারিখ হতে কার্যকর হবে।

**List of Abbreviations**

| Abbreviation | Explanation |
|---|---|
| CFA | Chartered Financial Analyst |
| CMA | Cost and Management Accountant |
| ACCA | The Association of Chartered Certified Accountants |
| CPA | Certified Public Accountant |
| DBA | Doctor of Business Administration |
| CCNA | Cisco Certified Network Associate |
| CISA | Certified Information Systems Auditor |
| MBM | Master of Bank Management |
| BIBM | Bangladesh Institute of Bank Management |
| PGDCM | Postgraduate Diploma in Capital Market |
| MAFCM | Master of Applied Finance and Capital Market |
| BICM | Bangladesh Institute of Capital Market |

**পরিশিষ্ট-ক**

তারিখ:

বরাবর
উপ-মহাব্যবস্থাপক (অ্যাডমিন)
ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ
প্রধান কার্যালয়
বিডিবিএল ভবন (লেভেল-১৪)
৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

**মাধ্যম:** যথাযথ কর্তৃপক্ষ।

**বিষয়:** ........................................................ভর্তি/অধ্যয়নের অনুমতি প্রদানের জন্য আবেদন।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি .................................................. ভর্তি/অধ্যয়নের অনুমতি প্রদানের জন্য আবেদন করছি। প্রয়োজনীয় তথ্যাবলি আমি নিম্নের ছকে উপস্থাপন করছিঃ

| | | | |
|---|---|---|---|
| ১. | নাম | : | |
| ২. | পদবি | : | |
| ৩. | কর্মস্থল | : | |
| ৪. | আইডি নম্বর | : | |
| ৫. | জন্ম তারিখ | : | |
| ৬. | শিক্ষাগত যোগ্যতার বিবরণ | : | |
| ৭. | চাকুরিতে যোগদানের তারিখ | : | |
| ৮. | চাকুরি স্থায়ীকরণের তারিখ | : | |
| ৯. | ভর্তি/অধ্যয়নে ইচ্ছুক প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | : | |
| ১০. | কোর্স/ডিগ্রির নাম ও বিষয় | : | |
| ১১. | সেশন/শিক্ষাবর্ষ/সেমিস্টার/পার্ট/লেভেল | : | |
| ১২. | কোর্স/ডিগ্রির মেয়াদ ও ধরণ | : | |
| ১৩. | কোর্স/ডিগ্রিলব্ধ জ্ঞান কর্পোরেশনের লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনে কী ভূমিকা রাখবে তার যৌক্তিকতা ও বিবরণ | : | |
| ১৪. | অন্য কোন বক্তব্য (যদি থাকে) | : | |
| ১৫. | কোর্স/ডিগ্রির আনুমানিক খরচ | : | |

উল্লিখিত ডিগ্রি/কোর্সে আমাকে ভর্তি/অধ্যয়নের অনুমতি প্রদানের জন্য অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর

নাম :

পদবি :

মোবাইল নম্বর :

ই-মেইল :